



স্মারক নং: ০৫.৪৩.৩৮৬১.০০০.০৯.০০৪.২৩- ৬৭৭

তারিখ: ০৩/০৭/২০২৩খ্রি:

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার জাতীয় প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। উপজেলার সকল স্কুল-কলেজ ও তদুর্ধ্ব পর্যায়ের ছাত্র/ছাত্রীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রতিযোগিতার নিয়মাবলী

- ক) ভিডিওটি প্রস্তুত করে মেইল/পেন ড্রাইভ লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, ক্ষেতলাল এর নিকট আগামী ১৬/০৭/২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে, এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে। ই-মেইল- nahilbd_128@yahoo.com, unokhetlal@mopa.gov.bd
- খ) ভিডিও ধারণের ক্ষেত্রে যে কোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে।
- গ) মোবাইলে ভিডিও ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯ অনুপাত) ব্যবহার করতে হবে।
- ঘ) ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক হবে।
- ঙ) ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে।
- চ) ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে।
- ছ) কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে।
- জ) ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট হতে হবে।
- ঝ) ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়।
- ঞ) ভিডিও'র মাধ্যমে প্রতিযোগীর নাম, শ্রেণী, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে এবং
- ট) ভিডিও নির্মাণ সংক্রান্ত যে কোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে। যোগাযোগ নম্বরঃ ০১৭১২-৪২৭৫১৭ (সহকারী প্রোগ্রামার) এবং ০১৭৭৪-৮১৩৭২৯ (উপজেলা নির্বাহী অফিসার)।

অনুরোধক্রমে

০৬/০৭/২৬

নুসরাত জাহান বন্যা

উপজেলা নির্বাহী অফিসার

ক্ষেতলাল, জয়পুরহাট

☎: ০২৫৮৮৮৭৭৫২৫

mail: unokhetlal@mopa.gov.bd